# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ২০. যীশুর উপদেশ বর্ণনায় মথি ও লূকের বৈপরীত্য

মথির ২১ অধ্যায়ে যীশু গৃহকর্তা ও কৃষকদের দৃষ্টান্ত প্রদান করেন। দৃষ্টান্তের শেষে তিনি সমবেত মানুষদের উদ্দেশ্যে বলেন: “অতএব আঙ্গুর-ক্ষেতের মালিক যখন আসবেন, তখন সেই কৃষকদেরকে কি করবেন? তারা তাঁকে বললো, সেই দুষ্টদেরকে নিদারুণভাবে বিনষ্ট করবেন এবং সেই ক্ষেত এমন অন্য কৃষকদেরকে জমা দেবেন, যারা ফলের সময়ে তাঁকে ফল দেবে।” (মথি ২১/৪০-৪১, মো.-১৩)

লূকের ২০ অধ্যায়ে একই ঘটনার বিবরণে বলা হয়েছে, দৃষ্টান্তের শেষে তিনি সমবেত মানুষদের উদ্দেশ্যে বলেন: “এখন আঙ্গুর-ক্ষেতের মালিক তাদেরকে নিয়ে কি করবেন? তিনি এসে এই কৃষকদেরকে বিনষ্ট করবেন এবং ক্ষেত অন্য লোকদেরকে দেবেন। এই কথা শুনে তারা বললো, এমন না হোক।” (লূক ২০/১৫-১৬, মো.-১৩)

উভয় বর্ণনার মধ্যে বৈপরীত্য স্পষ্ট। প্রথম বর্ণনা অনুসারে সমবেত শ্রোতারা বলেছিল যে, আংগুর ক্ষেতের মালিক উক্ত কৃষকদিগকে নিদারুণরূপে বিনষ্ট করবেন। আর দ্বিতীয় বর্ণনা অনুসারে, শ্রোতারা একথা বলে নি, বরং যীশু নিজে এ কথা বলেছেন এবং শ্রোতারা যীশুর মুখে এ কথা শুনে তা অস্বীকার বা আপত্তি করেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন